

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২৬৬-আইন/আয়কর/২০১০।- Income-tax Ordinance, 1984 (Ord. XXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৭ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৮৭-আইন/২০৮৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(অ) অনুচ্ছেদ ১ এর দফা (১) নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১) প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা:-

ক্রমিক নং	গাড়ীর ধরণ	প্রদেয় আয়করের হার
(ক)	১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ৮,০০০.০০
(খ)	২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ১০,০০০.০০
(গ)	২০০০ সিসির উপরে প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ১৬,০০০.০০
(ঘ)	২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য	টাকা ১৮,০০০.০০
(ঙ)	২৮০০ সিসির উপরে প্রতিটি জীপ এর জন্য	টাকা ১৮,০০০.০০
(চ)	মাইক্রোবাস প্রতিটির জন্য	টাকা ৮,০০০.০০

(আ) অনুচ্ছেদ ৪ নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“৪। (ক) উক্ত Ordinance এর section 2 এর clause (46) অনুযায়ী ‘person’ এর অন্তর্ভুক্ত নহে এইরূপ প্রতিষ্ঠানের মালিকানাধীন মোটরকার, জীপ বা মাইক্রোবাস এর ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না।

(খ) পাবলিক বিশ্ববিদ্যালয়, বিদেশী দৃতাবাস, জাতিসংঘ ও উহার অন্ত সংগঠনসমূহের মালিকানাধীন মোটরকার, জীপ ও মাইক্রোবাস এর ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না।”।

প্রতিপত্তির আদেশকর্ত্তব্য,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)